**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

## বিশ্ব দিবসে, গভর্নর হোকল ঘোষণা করলেন MTA ছয়টি ডিপোতে নিঃসরণমুক্ত বাস চালনার নতুন ঢেউ বিস্তৃত করবে

***সমতাকে অগ্রাধিকার প্রদান করে ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে প্রথম বৈদ্যুতিক বাস চালনা করা হবে***

***নতুন ডিপোগুলি দিয়ে MTA পাঁচটি বরোর প্রত্যেকটিতে বৈদ্যুতিক বাস চালাবে***

***নতুন নিঃসরণমুক্ত বাসের ফ্লিট টেকসই ও পরিবেশগত ন্যায়বিচারে MTA-র প্রতিশ্রুতিকে আরো গভীর করবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে, মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) পাঁচটি বরোর ছয়টি বাস ডিপোতে 60টি নিঃসরণমুক্ত বাস সংযোজন করবে। এই সংযোজন বেশি অ্যাজমা ও বায়ু দূষণের হারযুক্ত সম্প্রদায় অগ্রাধিকার প্রদান করার মাধ্যমে সমতা ও পরিবেশগত ন্যায়বিচারের প্রতি মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের প্রতিশ্রুতি আরো গভীর করে। নিউ ইয়র্ক সিটিতে, মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের আনুমানিক 75 শতাংশ বাস ডিপো নিম্ন/মধ্যম আয়ের সম্প্রদায়ে অবস্থিত এবং ট্রানজিট বাসের রুটগুলি এইসব এলাকার মধ্যে দিয়ে অসামঞ্জস্যপূর্ণভাবে চলাচল করে।

"আমার প্রশাসন পরিচ্ছন্ন শক্তিতে আমাদের রূপান্তর ত্বরান্বিত করতে একনিষ্ঠভাবে নিয়োজিত আছে," **গভর্নর হোকল বলেন।** "নিঃসরণ হ্রাস করতে গণপরিবহন সবসময়েই অতি গুরুত্বপূর্ণ এবং এই সংযোজন MTA-র 2040 সালের মধ্যে একটি নিঃসরণমুক্ত বাস ফ্লিট তৈরির প্রতিশ্রুতি পূরণের দিকে একটি বড় ধাপ। আমাদের পরিবহন অবকাঠামো আধুনিকায়নে নিউ ইয়র্কের অগ্রগতির সুদূরপ্রসারী প্রভাব রয়েছে যা সামাজিক সমতা আনতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে জাতীয় নেতা হিসেবে আমাদের অবস্থান পাকাপোক্ত করতে সাহায্য করবে।"

ঘোষণাটি 2040 সালের মধ্যে একটি নিঃসরণমুক্ত বাস ফ্লিট তৈরির জন্য 2018 সালে গৃহীত মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের প্রতিশ্রুতি পূরণের দিকে একটি বড় ধাপের প্রতিনিধিত্ব করে, যা বার্ষিক 520,000 মেট্রিক টন কার্বন নিঃসরণ ঠেকাবে। নতুন এই বৈদ্যুতিক বাসগুলির প্রথমগুলি 2022 সালের দ্বিতীয়ার্ধে ডিপোগুলিতে আসা শুরু করবে এবং 2023 সালে ছয়টি

অবস্থানের প্রত্যেকটিতে থাকবে। কর্তৃপক্ষ বর্তমানে 15টি নিঃসরণমুক্ত বৈদ্যুতিক বাস চালনা করে, এবং ঐতিহাসিক 51.5 বিলিয়ন মার্কিন ডলার MTA 2020-2024 ক্যাপিটাল কর্মসূচিতে (MTA 2020-2024 Capital Program) আরো 500টি ক্রয়ের জন্য 1.1 বিলিয়ন মার্কিন ডলার রয়েছে।

বাসগুলি নিম্নের ডিপোগুলিতে বহুসংখ্যক রুটের মধ্যে সেবাদান করবে:

- গ্র্যান্ড অ্যাভিনিউ, কুইন্স: B24, B32, B39, B47, B48, B57, B60, B62, Q59 এ চলবে
- চার্লসটন, স্ট্যাটেন আইল্যান্ড: S55, S56, S74, S78, S84 এ চলবে
- ইস্ট নিউ ইয়র্ক, ব্রুকলিন: B12, B14, B15, B17, B25, B42, B45, B65, B82, B83, B84, Q24, Q56 এ চলবে
- কিংসব্রিজ, ম্যানহাটন: Bx3, Bx7, Bx10, Bx13, Bx18, Bx20, M100 এ চলবে
- মাইকেল জে. কুইল, ম্যানহাটন: M8, M9, M12, M20, M21, M22, M42, M50, M55, M57, M66, M72 এ চলবে
- জ্যামাইকা কুইন্স: Q3, Q4, Q5, Q17, Q30, Q42, Q77, Q84, Q85 এ চলবে

এছাড়াও, এই বাস ডিপোগুলির পাঁচটিতে নতুন অত্যাধুনিক চার্জিং অবকাঠামো থাকবে যা 2022 সালের দ্বিতীয়ার্ধ থেকে MTA-র ক্রমবর্ধমান বৈদ্যুতিক বাসের ফ্লিটকে সমর্থন করবে, ডিপোগুলি হলো: গ্র্যান্ড অ্যাভিনিউ, চার্লসটন, ইস্ট নিউ ইয়র্ক, জ্যামাইকা, এবং কিংসব্রিজ। উইলিয়ামসবার্গ ব্রিজ প্লাজার (Williamsburg Bridge Plaza) রুটে অবস্থিত চার্জারটিও হালনাগাদ করা হবে। প্রতিটি ডিপোতে বাস আসার আগেই সকল অবকাঠামোর হালনাগাদকরণের কাজ সম্পূর্ণ করা হবে।

**মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন,** "আমি বিশ্ব দিবস (Earth Day) উদযাপনের জন্য বৈদ্যুতিক বাসের এই উল্লেখযোগ্য সংযোজনের ঘোষণার থেকে ভালো কোনও উপায় ভাবতে পারছি না। আমরা জানি যে বাস হলো সমতার ইঞ্জিনস্বরূপ, এবং জলবায়ু পরিবর্তন ও দূষণ দ্বারা সর্বাধিক প্রভাবিত পরিবেশগত ন্যায়বিচারের সম্প্রদায়সমূহে বৈদ্যুতিক বাস নিয়ে আসা MTA-র জন্য একটি অগ্রাধিকার। যেকোনও নিউ ইয়র্কবাসী MTA-তে যাতায়াত করে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করতে পারবে, এবং এই বৈদ্যুতিক বাসগুলি আমাদের অঞ্চলে কার্বন নিঃসরণ আরো হ্রাস করবে।"

**নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের (New York City Transit) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ক্রেইগ সিপ্রিয়ানো বলেন,** "MTA আমাদের শহরকে জীবাশ্ম জ্বালানির ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা করার জন্য একটি নিঃসরণমুক্ত বাস ফ্লিট তৈরি করতে প্রতিশ্রুতিবদ্ধ, এবং এই সংযোজন পরিবেশবান্ধব গণপরিবহনকে সবুজতর করার দিকে একটি বড় ধাপ। এই সংযোজন নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোর প্রতিটির সড়কে নিঃসরণমুক্ত বৈদ্যুতিক বাসের উপস্থিতি অনেক বৃদ্ধি করবে এবং এটি একটি সম্পূর্ণ নিঃসরণমুক্ত বাস ফ্লিটের দিকে একটি উল্লেখযোগ্য অগ্রগতির প্রতিনিধিত্ব করবে।"

**নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এবং ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন,** "বিশ্ব দিবসের দিনে, MTA-র ফ্লিট বৈদ্যুতিকরণে উল্লেখযোগ্য অগ্রগামী ধাপ গ্রহণ উদযাপনে তাদের সাথে যোগ দিতে পারা একটি আনন্দের ব্যাপার, আমরা জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে এবং আমাদের পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যতের দিকে ধাবিত হওয়ার জন্য একত্রে কাজ করা অব্যাহত রাখবো। আমাদের সম্প্রদায়ে বায়ু দূষণ হ্রাস করা এবং একইসাথে নিউ ইয়র্কবাসীদের নিউ ইয়র্ক সিটির সকল এলাকায় চাকরি, কর্মকাণ্ড এবং সুযোগসুবিধার সাথে সংযুক্ত করার অত্যাবশ্যকীয় পরিবহন সেবা প্রদান করার জন্য নিঃসরণমুক্ত বাস একটি মুখ্য ভূমিকা পালন করে।"

**নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন,** "MTA পরিচ্ছন্ন গণপরিবহনের দিকে একটি পূর্ণ মাত্রার পরিবর্তনের ক্ষেত্রে নেতৃত্ব দেওয়ার ব্যাপারে অনেক উচ্চ আদর্শ স্থাপন করছে এবং নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ এই সম্পূর্ণ বৈদ্যুতিক বাস ফ্লিটকে বাস্তবায়ন করাতে নিজেদের ভূমিকা পালন করতে পেরে গর্বিত। আমরা চারটি ডিপোতে আধুনিক ওভারহেড চার্জিং অবকাঠামোর নকশা চূড়ান্ত করছি এবং আগামী মাসগুলিতে নির্মাণকাজ শুরু করবো। এই অংশীদারিত্ব আমাদেরকে শহরের এমন একটি পরিবহন ব্যবস্থার দিকে নিয়ে যাচ্ছে যা সম্প্রদায়সমূহের স্বাস্থ্য রক্ষা করবে এবং নিউ ইয়র্ক সিটির সকলের জন্য আরো টেকসই ভবিষ্যতের প্রতিশ্রুতি প্রদান করবে।"

এই সংযোজনটিতে MTA-র বাস ফ্লিটের জন্য একাধিক বড় মাইলফলক রয়েছে, যেমন প্রথম এজেন্সি-মালিকানাধীন স্ট্যান্ডার্ড 40 ফুট বৈদ্যুতিক বাস, প্রথম ডিপোর ভিতরে ওভারহেড প্যান্টোগ্রাফ চার্জার, চার্জার ইনস্টল করার ব্যবস্থাপনার জন্য নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের সাথে প্রথম অংশীদারিত্ব, এবং হাই-টেনশন সেবা ইনস্টল করার জন্য এবং বৈদ্যুতিক বাসে সরবরাহের জন্য একটি সাবস্টেশন নির্মাণের জন্য একটি বিদ্যুৎ কোম্পানির সাথে প্রথম অংশীদারিত্ব। উদ্যোগটি পরিবেশগত ন্যায়বিচারের সম্প্রদায়সমূহকে অগ্রাধিকার প্রদান করে, এমন এলাকার রাস্তায় সবুজ বাস স্থাপন করে যারা এর দ্বারা সর্বোচ্চ উপকার পাবে, এবং কর্তৃপক্ষের বাস ফ্লিট থেকে কার্বন নিঃসরণ আরো কমানোর ক্ষেত্রে তাদের অগ্রগতিকে ত্বরান্বিত করবে। বর্তমানে MTA-র ফ্লিটে 1,300টির বেশি কম নিঃসরণের হাইব্রিড বাস রয়েছে, যার মধ্যে রয়েছে 399টি দ্বিতীয় প্রজন্মের হাইব্রিড বাস যেগুলি কিছু সময় শুধু ব্যাটারির বৈদ্যুতিক যান (Electric Vehicle, EV) অবস্থায় চলতে পারে, যার ফলে জীবাশ্ম জ্বালানির ব্যবহার অনেক কমে যায়।

এছাড়াও MTA এই বছরের বিশ্ব দিবসকে স্মরণীয় করছে নিউ ইয়র্কবাসীদের এই কথা মনে করিয়ে দিয়ে যে জলবায়ু পরিবর্তনের সাথে লড়াইয়ের সেরা উপায় হলো গণপরিবহন ব্যবহার করা। প্রতি বছর, MTA-র পরিবেশগতভাবে টেকসই পরিবহন ব্যবস্থা নিউ ইয়র্ক মেট্রোপলিটন অঞ্চলকে বার্ষিক 17 মিলিয়ন মেট্রিক টন গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ, বা স্যান ফ্র্যান্সিস্কোর বার্ষিক গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের তিনগুণ বা তার বেশি নিঃসরণ এড়াতে দেয়। এছাড়াও এর অর্থ হলো মার্কিন যুক্তরাষ্ট্রে নিউ ইয়র্ক স্টেটের মাথাপিছু শক্তি ব্যয় এবং গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ সর্বনিম্ন। 2040 সালের মধ্যে একটি সম্পূর্ণ নিঃসরণমুক্ত বাস ফ্লিট তৈরির প্রতিশ্রুতি ইতিমধ্যে নিউ ইয়র্ক অঞ্চলে চলাচলের সবথেকে টেকসই উপায়কে আরো সবুজ করবে।

**নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন,** "আমরা জানি যে পরিবেশগত ন্যায়বিচার শুরু হয় মাঠপর্যায়ে, সেইসব সম্প্রদায়কে দিয়ে যারা জলবায়ু পরিবর্তন দ্বারা সবথেকে বেশি প্রভাবিত হয়েছে। গণপরিবহন একটি সবুজতর শহর গঠনের এই কাজের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ এবং আরো বেশি নিঃসরণমুক্ত বাস সেই প্রচেষ্টাকে সুপারচার্জ করবে, নিউ ইয়র্কবাসীদের যেখানে প্রয়োজন নিয়ে যাবে এবং একইসাথে ক্ষতিকর বায়ু দূষণ হ্রাস করবে। আমি পরিবেশগত ন্যায়বিচারকে অগ্রাধিকার প্রদানের জন্য, জলবায়ু পরিবর্তন দ্বারা সর্বাধিক ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহকে কেন্দ্রে রাখার জন্য, এবং আমাদের শহরকে সম্মুখে অগ্রসর হতে সাহায্য করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

**প্রতিনিধি জামাল বোম্যান বলেন,** "জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করা আমাদের সকল সম্প্রদায়ের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের পরিবহন ব্যবস্থার বৈদ্যুতিকরণ আমাদের মানুষ ও গ্রহকে রক্ষা করার এই লড়াইয়ের একটি অত্যাবশ্যকীয় অংশ, এবং আমি বিশ্বাস করি যে গণপরিবহনের এক্ষেত্রে পথপ্রদর্শন করা উচিত। আমি খুশি যে MTA গ্রিনহাউজ গ্যাস হ্রাস করার জন্য এবং একইসাথে নিউ ইয়র্কের 16তম কংগ্রেশনাল জেলার (16th Congressional District) প্রতিবেশীদের নির্ভরযোগ্য পরিবহন প্রদান করার জন্য বাস্তব পদক্ষেপ নিচ্ছে। আমি এজেন্সিটিকে এর পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তর ত্বরান্বিত করার কাজে এবং শুধু আমাদের জেলা নয়, বরং পুরো দেশের জন্য একটি আরো টেকসই ভবিষ্যৎ আনার কাজে সাহায্য করার জন্য উন্মুখ।"

**স্টেটের সিনেটর লিওরি কমরি বলেন,** "আমি অতিরিক্ত সবুজ বাসের এবং পাঁচটি বরোতে তাদের উপস্থিতির ঘোষণাকে স্বাগত জানাচ্ছি। নিঃসরণমুক্ত বাস হলো আমাদের পরিবহন ব্যবস্থাকে অগ্রসর করার একটি ধাপ, আমাদের এলাকাগুলির জন্য এবং আমাদের পরিবেশের জন্য। আমরা যখন সম্পূর্ণ নিঃসরণমুক্ত বাস ফ্লিট তৈরি করতে যাচ্ছি, তখন পরিবেশগত ন্যায়বিচারের কথা এবং একে টেকসই করার পাশাপাশি অন্তর্ভুক্ত করার নিশ্চিত করার কথা মাথায় রাখা উচিত।"

**স্টেট সিনেটর রোক্সান জে. পারসাউড বলেন,** "আমরা যখন 2022 সালের বিশ্ব দিবস উদযাপন করছি, তখন এই ঘোষণাটি করা যথাযথ হয়েছে। ষাটটি নতুন সম্পূর্ণ বৈদ্যুতিক বাস MTA-র বাস ফ্লিটে নিঃসরণ হ্রাস করতে সাহায্য করবে, বিশেষ করে সিনেট জেলা 19 (Senate District 19) এর রুটগুলিতে। আমি 2040 সালের মধ্যে 100 ভাগ নিঃসরণমুক্ত হওয়ার প্রতি MTA-র সংকল্পের প্রশংসা করছি।"

**ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট মার্ক লেভিন বলেন,** "MTA যে একটি সম্পূর্ণ বৈদ্যুতিক বাস ফ্লিটে রূপান্তরের দিকে আরো দ্রুতগতিতে অগ্রসর হচ্ছে তা দেখা অত্যন্ত আনন্দদায়ক। জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমাদের লড়াইয়ে নেতৃত্ব শুধু মানুষকে দ্রুত, নির্ভরযোগ্য, এবং দক্ষ পরিবহন সেবা প্রদান করেই দেওয়া যাবে, বরং এর জন্য মানুষের চলাচলের যানবাহনকে সম্পূর্ণ বৈদ্যুতিক করাও নিশ্চিত করতে হবে। আমি ম্যানহাটন সড়কে এই বৈদ্যুতিক বাসগুলি আসলে সেগুলিতে চড়ার জন্য উন্মুখ হয়ে আছি।"

**কুইন্স বরোর প্রেসিডেন্ট ডোনোভ্যান রিচার্ডস জুনিয়র বলেন,** "অনেক প্রজন্ম ধরে, অনিয়ন্ত্রিত জীবাশ্ম জ্বালানির ব্যবহার এবং নিঃসরণ উৎপাদন অ্যাস্টোরিয়ার "অ্যাজমা অ্যালি" থেকে জ্যামাইকা এবং আরো অনেক স্থান পর্যন্ত কুইন্সের বহু ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের জন্য বিপজ্জনক এবং অসামাঞ্জস্যপূর্ণ ফলাফল নিয়ে এসেছে। আজকের ঘোষণা দিয়ে, স্রোতের দিক পরিবর্তন শুরু হলো। আমাদের সম্পূর্ণ বাস ফ্লিটকে বৈদ্যুতিকরণ করা আমাদের পরিবেশ রক্ষা করার জন্য এবং আমাদের পরিবারসমূহকে রক্ষা করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ অগ্রগামী ধাপ, এবং আমি এই হেমন্তে কুইন্সে আরো বৈদ্যুতিক বাস নিয়ে আসার জন্য MTA-র প্রতিশ্রুতির জন্য কৃতজ্ঞ। যেহেতু জলবায়ু পরিবর্তন আমাদের বরোর জন্য ক্ষতিকর হয়েই আছে তাই আমি এই প্রক্রিয়াটি আরো ত্বরান্বিত করার জন্য MTA-র সাথে কাজ করতে উন্মুখ।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) সদস্য সেলভেনা এন. ব্রুকস-পাওয়ার্স বলেন,** "নিউ ইয়র্ক সিটি অনেক বছর ধরে বিনিয়োগের অভাবে জর্জরিত হয়ে আছে, যার ফলে কৃষ্ণাঙ্গ ও বাদামি সম্প্রদায়সমূহের কাছে নির্ভরযোগ্য পরিবহন পাওয়ার সুযোগে ঘাটতি রয়ে গেছে। আমি সংস্থান কম থাকা সম্প্রদায়সমূহের জন্য নির্ভরযোগ্য, নিরাপদ, সাশ্রয়ী এবং সহজলভ্য পরিবহনের সুযোগ নিশ্চিত করার জন্য সবুজ পরিবহনের উপলভ্যতা ন্যায্য করাকে অগ্রাধিকার প্রদানের জন্য গভর্নর ক্যাথি হোকল এবং MTA চেয়ারম্যান জ্যানো লিবারকে ধন্যবাদ জানাতে চাই। লরেলটন এবং রোজডেলে চলাচলকারী Q5 এর মতো 60টি নিঃসরণমুক্ত বৈদ্যুতিক বাস চালনার ফলে নিউ ইয়র্কবাসীর জন্য পরিবহন উপলভ্যতা নিশ্চিত হবে, এবং একইসাথে অ্যাজমার হার এবং বায়ু দূষণ বৃদ্ধি করবে না।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য এরিক ডিনোউইজ বলেন,** "জলবায়ু পরিবর্তনের উদ্বেগজনক গতিবৃদ্ধির ব্যাপারে আমরা এখন যা জানি তার কারণে এই সংবাদটি স্বাগত যে MTA 60টি নিঃসরণমুক্ত বৈদ্যুতিক বাস সংযোজনের মাধ্যমে নিজেদের কাজটি করতে চেষ্টা করছে। এটি 2040 সালের মধ্যে 100ভাগ নিঃসরণমুক্ত ফ্লিট তৈরিতে মাত্র প্রথম ধাপ, কিন্তু একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ। আমরা এমন একটি সময়ে বাস করছি যখন ব্রঙ্কসে অ্যাজমার হার অনেক বেড়ে যাচ্ছে, এবং পুরো বিশ্বের বৈজ্ঞানিকেরা সরকারসমূহ এবং বেসরকারি শিল্পগুলির কাছে আমাদের বিশ্বের বাসযোগ্যতা রক্ষা করার জন্য এইসব পদক্ষেপ নেওয়ার জন্য অনুনয় করছে। আমি নিউ ইয়র্কে আমাদের এজেন্সিগুলির প্রশংসা করছি যারা এটি শুনছে এবং ব্যবস্থা গ্রহণ করছে।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য স্যান্ডি নার্স বলেন,** "একাধিক সংখ্যক সম্পূর্ণ বৈদ্যুতিক বাস নিয়ে আসার MTA-র আজকের ঘোষণা আমাদের পরিবহন ব্যবস্থার নিঃসরণ হ্রাস করার জন্য এবং আমাদের সম্প্রদায়সমূহে তার নেতিবাচক স্বাস্থ্য প্রভাব হ্রাস করার জন্য একটি প্রয়োজনীয় ধাপ। MTA যখন একটি 100 ভাগ নিঃসরণমুক্ত ফ্লিট তৈরির দিকে অগ্রগতি করছে, আমাদেরকে তখন ইস্ট নিউ ইয়র্কের মতো সম্প্রদায়সমূহের জন্য পরিবেশগত ন্যায়বিচার নিশ্চিত করাকে অগ্রাধিকার দিতে হবে, যাদেরকে অনেক বেশি বার দূষণকারী অবকাঠামোর ভার বহন করতে হয়েছে।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য রবার্ট হোল্ডেন বলেন,** "আমাদের পরিবেশ বহুমূল্য,

এবং আমাদের উচিত আমরা যা পেয়েছি পৃথিবীকে তার থেকে ভালো অবস্থানে রেখে যাওয়া। এই বিশ্ব দিবসে, এবং প্রতিদিন, আমাদের নিঃসরণ হ্রাস করার এবং আমাদের জলবায়ু উন্নত করার সকল প্রচেষ্টা করা উচিত।"

**নিউ ইয়র্ক কনজার্ভেটিভ ভোটার্স লিগের (New York League of Conservation Voters) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন,** "আমরা পরিবহন দূষণ সামাল না দিয়ে এবং গণ পরিবহনে বিনিয়োগ না করে জলবায়ু সঙ্কটের মোকাবেলা করতে পারবো না। বিশ্ব দিবস উদযাপন করার জন্য MTA-র সম্পূর্ণ বৈদ্যুতিক ফ্লিটের লক্ষ্য পূরণে 60টি নিঃসরণমুক্ত বাস সংযোজন করার প্রতিশ্রুতি পালন করার থেকে ভালো নিউ ইয়র্কের পরিবেশ ও জনস্বাস্থ্যের অগ্রগতি আর হতে পারতো না। যেহেতু অ্যাজমা এখন স্কুলে অনুপস্থিত থাকার শীর্ষ কারণ, তাই বাস ডিপোসহ সম্প্রদায়গুলিতে বায়ু দূষণ হ্রাস করা আমাদের প্রতিবেশীদের জনস্বাস্থ্য উন্নত করার জন্য এবং শিশুদের শ্রেণীতে রাখার জন্য অতি গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ক কনজার্ভেটিভ ভোটার্স লীগ এটিকে সম্ভব করার জন্য গভর্নর, MTA, এবং আমাদের নেতৃবৃন্দের সহযোগিতার জন্য তাদের ধন্যবাদ জানাচ্ছে।"

**কাস্টোমার এনার্জি সলিউশন্সের (Customer Energy Solutions) সিনিয়র ভাইস প্রেসিডেন্ট লেনি সিং বলেন,** "কন এডিসন MTA-র বৈদ্যুতিক বাস ব্যবহারের উল্লেখযোগ্য পরিবর্তনে তাদের সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত। রাস্তায় যখন আরো বেশি বৈদ্যুতিক যান নামবে, তখন একটি বলিষ্ঠ চার্জিং নেটওয়ার্ক বিদ্যমান থাকা অতি গুরুত্বপূর্ণ। সেখানেই আমাদের কাজ: বৈদ্যুতিক গ্রিডের উপর নির্ভরযোগ্যতা নিশ্চিত করতে বিনিয়োগ করা, এবং একটি পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতের জন্য নিউ ইয়র্ক স্টেটের লক্ষ্যগুলির প্রতি দৃঢ়সংকল্প হওয়া।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418